



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরী বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/জেএসসি/এসএসসি/রেজি:/৬৪/৫৫৭৭

তারিখ : ০৫/০৮/২৪

বিষয় : ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের (২০২৫ সালের এসএসসি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অনুমোদিত বিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের (২০২৫ সালের এসএসসি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখে বিতরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের বিদ্যালয় শাখা হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ	বার	জেলার নাম
১৮/১১/২০২৪-১৯/১১/২০২৪	সোমবার/ মঙ্গলবার	ঢাকা মহানগর, ঢাকা জেলা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ
২০/১১/২০২৪-২১/১১/২০২৪	বুধবার/ বৃহস্পতিবার	গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী
২৪/১১/২০২৪-২৫/১১/২০২৪	রবিবার/সোমবার	ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর ও কিশোরগঞ্জ
২৬/১১/২০২৪-২৭/১১/২০২৪	মঙ্গলবার/ বুধবার	টাংগাইল, গোপালগঞ্জ ও রাজবাড়ী

- ১। রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভুল হয়ে থাকলে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- ২। উল্লিখিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ না করলে শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহের সময় সর্বশেষ কমিটির অনুমোদনপত্র, স্বীকৃতি নবায়নপত্র এবং পাঠদানের অনুমতিপত্র সাথে নিয়ে আসতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত নিম্ন মাধ্যমিক,
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়

মেমো নং- ৫৫৭৭ (৭)

তারিখ : ০৫/০৮/২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৪। জেলা শিক্ষা অফিসার, বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।